

## 49034 - ইহরাম অবস্থায় পুরুষ ও নারীর কাপড়ের মোজা পরা

### প্রশ্ন

আমি যখন উমরার ইহরাম বেঁধেছিলাম তখন আবহাওয়া ঠাণ্ডা ছিল বিধায় আমি কাপড়ের মোজা পরেছি। এমতাবস্থায় আমার উপর কি আবশ্যক হবে?

### প্রিয় উত্তর

পুরুষ ইহরামকারীর জন্য কাপড়ের মোজা পরা জায়েয নয়। পক্ষান্তরে মহিলাদের জন্য জায়েয আছে।

শাইখ ইবনে উচাইমীন (রহঃ) আল-শারহল মুস্তি' গ্রন্থে (৭/১৫৪) বলেন:

মাসয়ালা: তার (নারীর) জন্য কাপড়ের মোজা পরা কি হারাম?

জবাব: না। কাপড়ের মোজা পরা পুরুষের জন্য হারাম। [সমাপ্ত]

যদি কোন পুরুষ ইহরামকারীর কাপড়ের মোজা পরার প্রয়োজন হয় তাহলে তার জন্য পরা জায়েয হবে। তবে তাকে ফিদিয়া দিতে হবে। ফিদিয়া হলো: একটি ভেড়া বা ছাগল জবাই করা কিংবা ছয়জন মিসকীনকে খাবার খাওয়ানো কিংবা তিনদিন রোয়া রাখা। এই তিনটি বিষয়ের মধ্য থেকে যে কোনটি তিনি করতে পারেন।

স্থায়ী কমিটিকে জিজ্ঞেস করা হয়েছিল: পায়ে কাপড়ের মোজা পরা ও এটি পরে হজের সময় তাওয়াফে কুদুম করা ও উমরার তাওয়াফ করার লকুম কি?

জবাব:

হজ বা উমরার ইহরামকারী পুরুষের জন্য কাপড়ের মোজা পরা জায়েয নয়। যদি কোন রোগের কারণে বা অন্য কোন কারণে পরার প্রয়োজন হয় তাহলে পরা জায়েয হবে; তবে তার উপর ফিদিয়া দেয়া ওয়াজিব হবে। ফিদিয়া হলো: তিনদিন রোয়া রাখা কিংবা ছয়জন মিসকীনকে খাবার খাওয়ানো। প্রত্যেক মিসকীনকে অর্ধ 'সা' খেজুর বা এ জাতীয় অন্য কিছু দেয়া কিংবা একটি ভেড়া বা ছাগল জবাই করা। [গবেষণা ও ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটি (১১/১৮৩)]